

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(বেসরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-২)

নং-৪৫.১৬২.১১৬.০০.০০.০২৬.২০১৮-৫৬৪

০৫ অগ্রহায়ন ১৪২৫
১৯ নভেম্বর ২০১৮

পরিপত্র

লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন স্থানে বেসরকারি মেডিকেল কলেজ, হাসপাতাল, ক্লিনিকসমূহের উদ্যোগে কর্মশালা, সেমিনার, সভা, সিম্পোজিয়াম আয়োজন করা হচ্ছে। এ সকল কর্মশালা, সেমিনার, সভা, সিম্পোজিয়ামে দেশীয় চিকিৎসকগণের পাশাপাশি বিদেশি চিকিৎসক/বিশেষায়িত নার্স/চিকিৎসা পেশার সাথে জড়িত ব্যক্তিবর্গ অংশগ্রহণ করছেন। বিদেশি এ সকল ব্যক্তির অংশগ্রহণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের কোনৰূপ অনুমতি নেয়া হচ্ছে না। অথচ বিদেশি বিশেষজ্ঞ ডাক্তার/বিশেষায়িত নার্স আগমন সংক্রান্ত নীতিমালা-২০১৮ এর ৭.৫ ধারায় বিদেশি চিকিৎসক/নার্সদের বাংলাদেশে আগমনের জন্য আবশ্যিকভাবে স্বাস্থ্য সেবা বিভাগের অনুমতি গ্রহণ করার বিধান সন্নিবেশিত রয়েছে।

০২। এমতাবস্থায়, বিদেশি বিশেষজ্ঞ ডাক্তার/বিশেষায়িত নার্স আগমন সংক্রান্ত নীতিমালা-২০১৮ অনুযায়ী বিদেশি চিকিৎসক/নার্সদের বাংলাদেশে আগমন এবং কর্মশালা, সেমিনার, সভা, সিম্পোজিয়ামে অংশগ্রহণের ক্ষেত্রে আবশ্যিকভাবে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

মোহাম্মদ মিকাইল

উপসচিব

ফোন : ৯৫৪০৯৪৪

বিতরণ (জ্যোতিতার ত্রুট্যানুসারে নয়) :

- ১। ভাইস চ্যাক্সেলর, মেডিকেল বিশ্ববিদ্যালয় (সকল)
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পরিপত্রটি বহল প্রচার ও সংশ্লিষ্টদেরকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)
- ৩। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলানগর, ঢাকা
- ৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)
- ৫। অধ্যক্ষ/পরিচালক, মেডিকেল কলেজ/মেডিকেল কলেজ হাসপাতাল (সকল)
- ৬। সিভিল সার্জন (সকল)
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, (সকল)
- ৮। রেজিস্ট্রার, বাংলাদেশ মেডিকেল এন্ড ডেটাল কাউন্সিল, বিজয়নগর, ঢাকা
- ৯। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং কাউন্সিল, বিজয়নগর, ঢাকা।
- ১০। মাননীয় মন্ত্রীর জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ১১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১২।

অনুলিপি (জ্ঞাতাৰ্থে) :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়